# তথ্য কমিশনের ২৮তম সভার কার্যবিবরণী

সভাপতি : মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন

সভার তারিখ : ০৩/০৭/২০১৯ খ্রিস্টাব্দ   সময়: সকাল ১১.০০ টা

সভার স্থান : তথ্য কমিশনের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হলো।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের উপপরিচালক (প্রশাসন) কে আহ্বান জানান। এ পর্যায়ে কমিশনের উপপরিচালক (প্রশাসন) পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | বিগত সভার (২৭তম) সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | - | কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | |

| ক্রমিক নং | আলোচনার বিষয় | বিগত সভার সিদ্ধান্ত | বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ০২। | বিগত সভার (২৬তম) সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>২.১। তথ্য কমিশনের ওয়েব সাইট আপডেট। | এটুআই এবং ডিনেটের সাথে আলোচনা করে ডাটাবেজসহ কমিশনের ওয়েব সাইট আপডেট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্মাণাধীন আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমটির মাধ্যমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের তথ্য/ডাটাবেজটি প্রদর্শিত হচ্ছে। উক্ত সিস্টেমে ইতোমধ্যে ১৯০০০ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের তথ্য মাইগ্রেট/ এন্ট্রি করা হয়েছে। এখনো ২৩০১০ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের তথ্য/ডাটাবেজ এন্ট্রি বাকী আছে। অন্যান্য ডাটা এন্ট্রির কাজ চলমান রয়েছে। তবে এটি টেকসই পদ্ধতি নয়। আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমটির মাধ্যমে সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নিজের তথ্য নিজেই যেন এন্ট্রিকরণ করতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। সিস্টেমটি বর্তমানে পাইলটিংয়ের অপেক্ষায় রয়েছে। এছাড়া তথ্য কমিশনের ওয়েবসাইট হালনাগাদের উপর সভায় আলোচনা হয়। তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার বলেন যে, ওয়েব সাইটে একটি সার্চবার তৈরি করতে হবে যেন আপলোড করা যে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যাদি তাৎক্ষণিকভাবে বের করা যায় এবং ওয়েব সাইটে কি কি তথ্য আপলোড করা যেতে পারে বা কি কি তথ্য হালনাগাদ করা প্রয়োজন এবিষয়ে একটি প্রতিবেদন আগামী কমিশন সভায় উপস্থাপন করতে হবে। | ১। গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর এবং ঢাকার আশেপাশের যে কোন একটি উপজেলাসহ মোট ০৩টি উপজেলায় পাইলটিং কার্যক্রম অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকারের সাথে আলোচনা করে একটি উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও তার আপীল কর্তৃপক্ষ কিভাবে নির্ধারিত হবে সে বিষয়ে পরিকল্পনা প্রস্তুতের জন্য পরিচালক (প্রশাসন) ও পিএস টু আইসি-২কে অনুরোধ করা হয়।<br>৩। ১৫ জুলাই ২০১৯ এর মধ্যে পাইলটিং কার্যক্রমের কর্মপরিকল্পনা ডিনেট থেকে গ্রহণপূর্বক তা কমিশনের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। প্রতিমাসে তথ্য কমিশনের ওয়েবসাইট সামগ্রিকভাবে হালনাগাদ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য সহজে পাওয়ার জন্য ওয়েব সাইটে একটি সার্চবার তৈরি করতে হবে।<br>৫। আগামী ১০দিনের মধ্যে ওয়েব সাইটে কি কি তথ্য আপলোড করা যেতে পারে বা কিকি তথ্য অপসারণ করা প্রয়োজন এবিষয়ে একটি প্রতিবেদন আগামী কমিশন সভায় উপস্থাপন করতে হবে। | সচিব, পরিচালক (প্রশা.), উপপরিচালক (প্রশা.) ও সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন |

| | আলোচনার বিষয় | বিগত সভার সিদ্ধান্ত | বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| | ২.২। শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে কমিটি গঠন। | তথ্য কমিশনের সকল শূন্য পদে (পূর্বের বিজ্ঞপ্তির শূন্য পদ এবং নতুন শূন্য পদ) নিয়োগের জন্য পুনঃবিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ইতঃপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ইতঃপূর্বে সহকারি পরিচালক এবং ব্যক্তিগত কর্মকর্তা পদে মুক্তিযোদ্ধা কোটায় যারা আবেদন করেছেন তাদের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা কোটা বাতিল করায় তাদের আবেদনের বিষয়গুলো বর্তমানে মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবে কিনা সে মর্মে মতামত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর নিয়োগ বাছাই কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইতোমধ্যে তথ্য কমিশনের সাংগঠনিক কাঠামো সংশোধনের জন্য তথ্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উক্ত প্রস্তাবে কমিশনের বিদ্যমান সহকারী বেঞ্চ সহকারী পদ ০২টি বিলুপ্তির প্রস্তাব করা হয়েছে। বর্তমানে সহকারী বেঞ্চ সহকারী পদ ০২টিতে জনবল নিয়োগ করা হলে পরবর্তীতে পদ ০২টি বিপুপ্তির প্রস্তাব অনুমোদিত হলে পদ ০২টি নিয়ে জটিলতা সৃষ্টি হতে পারে বিধায় সহকারী বেঞ্চ সহকারী পদ ০২টি বাদ দিয়ে অন্যান্য পদগুলোর পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে এবং বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের জন্য নথি অগ্রগামী করা হয়েছে। | সহকারী বেঞ্চ সহকারী পদ ০২টি বাদ দিয়ে অন্যান্য পদগুলোতে পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি জারীর সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, ও পরিচালক (প্রশাসন) তথ্য কমিশন |
| | ২.৩। জনাব মোঃ জাবির বিন আহসান, অফিস সুপারকে ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতি। | জনাব মোঃ জাবির বিন আহসান, অফিস সুপারেরফিডার পদব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতির জন্য ন্যূনতম চাকরিকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ না হওয়ায় পদটি পদোন্নতির মাধ্যমে পূরণ না করে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরবর্তীতে চাকরিকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পর তিনি পুনরায় একই বিষয়ে আবেদন দাখিল করেন যা ব্যক্তিগত সংশ্লিষ্ট নথিতে উপস্থাপন করা হয়। তাতে সিদ্ধান্ত হয় যে, নিয়োগের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের সময় আলোচনা করা হবে। | শুধুমাত্র সহকারী বেঞ্চ সহকারী পদ ০২টি বাদ দিয়ে অন্যান্য পদগুলোতে পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | সচিব, ও পরিচালক (প্রশা.) তথ্য কমিশন |

| ক্র. নং | আলোচনার বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩। | " অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতকরণ এবং টেকসই উন্নয়ন সাধন" প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | পরিচালক (প্রশাসন) প্রকল্পের অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, ডিপিপি'র খসড়া প্রস্তুত করার জন্যউইসডম গিল্ড নামক প্রতিষ্ঠানকে দায়িত্ব প্রদান করা হয়। ০৩/০৭/২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় পরিচালক (প্রশাসন) এর কক্ষে ডিপিপি'র অগ্রগতি নিয়ে সংক্ষিপ্ত আলোচনা হয়েছে। প্রকল্পের ডিপিপিতে এসডিজি, জনঅবহিতকরণ, প্রশিক্ষণ, সামাজিক নিরাপত্তা বিষ্টনী, দারিদ্র বিমোচন, মানসম্মত শিক্ষা, সকলের জন্য শিক্ষা প্রভৃতি বিষয়কে অন্তর্ভুক্ত করার জন্য প্রধান তথ্য কমিশনার পরামর্শ প্রদান করেন। আগামী ০৭/০৭/২০১৯ তারিখের মধ্যেউইসডম গিল্ড নামক প্রতিষ্ঠানের সহায়তায় ডিপিপি'র একটি খসড়া তথ্য কমিশনে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ০৭/০৭/২০১৯ তারিখের মধ্যে ডিপিপি'র খসড়া তথ্য কমিশনে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশা.) ও পিএসটু আইসি-২ |
| ০৪। | অভিযোগের রেজিষ্টার এন্ট্রিকরণ, নথির শ্রেণিবিন্যাস ও সূচিকরণ, ডাটা এন্ট্রিকরণ বাস্তবায়ন অগ্রগতি। | অভিযোগের রেজিষ্টার এন্ট্রিকরণ, নথির শ্রেণিবিন্যাস ও সূচিকরণ, ডাটা এন্ট্রিকরণ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ইতোমধ্যে অভিযোগের রেজিষ্টার এন্ট্রিকরণ সমাপ্ত হয়েছে। প্রধান তথ্য কমিশনার রেজিষ্টারগুলো বাঁধাই করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। চলতি ২০১৯ সালসহ পরবর্তীতে যাতে রেজিস্টার হালনাগাদ থাকে এজন্য গবেষণা কর্মকর্তার অধীনে সংশ্লিষ্ট ০৪ জন কর্মচারিকে এন্ট্রি করার জন্য পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়। আগামী ০২ মাসের মধ্যে প্রশাসন/হিসাব/আইন বিচার ও রীট শাখাসহ সকল শাখাকে নথির শ্রেণিবিন্যাস ও সূচিকরণ সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ডাটা এন্ট্রিকরণ তালিকা কিভাবে হালনাগাদ করা যায় এ বিষয়ে তথ্য কমিশনার-২ এর সাথে আলোচনা করে উপপরিচালক (গ.প্র.প্র.) এবং পিএসটু আইসি-২ কে প্রতিবেদন দেয়ার জন্য বলা হয়। | ১। আগামী ১১/০৭/২০১৯ তারিখের (এক সপ্তাহ) মধ্যে অভিযোগ এন্ট্রির রেজিস্টার বাঁধাই করার জন্য সংশ্লিষ্ট প্রতিটি দলের দলনেতাকে দায়িত্ব দেয়া হয়। বাঁধাই শেষে রেজিষ্টারগুলো দলনেতাগণকে প্রধান তথ্য কমিশনারের নিকট পেশ করতে হবে।<br>২। চলতি ২০১৯ সাল হতে রেজিষ্টারে হালনাগাদ রাখার জন্য সংশ্লিষ্ট ০৪ জন কর্মচারিকে পত্র দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। প্রশাসন/হিসাব/আইন, বিচার ও রীট শাখাসহ সকল শাখাকে আগামী ০২ মাসের মধ্যে নথির শ্রেণিবিন্যাস ও সূচিকরণ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দলনেতা<br>গবেষণা কর্মকর্তা<br>সকল শাখার শাখা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ডাটা এন্ট্রিকরণ তালিকা কিভাবে হালনাগাদ করা যায় এ বিষয়ে তথ্য কমিশনার-২ এর সাথে আলোচনা করে উপপরিচালক (গ.প্র.প্র.) এবং পিএসটু আইসি-২ প্রতিবেদন দাখিল করবেন। | উপপরিচালক (গ.প্র.প্র.) এবং পিএসটু আইসি-২ |
| ০৫। | তথ্য কমিশন ভবন নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা। | তথ্য কমিশন ভবন নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সিনিয়র সহকারি প্রধান জনাব মোমিতুল ইসলাম জানিয়েছেন যে, তথ্য কমিশন ভবন নির্মাণ কাজেপুনরায় টেন্ডার আহবান করার জন্য পত্র ইস্যু করা হবে। | তথ্য কমিশন ভবন নির্মাণ সংক্রান্ত বিষয়ে তাগিদপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব তথ্য কমিশন ও প্রকল্প পরিচালক |
| | তথ্য কমিশনের প্রশাসনিক সভার নাম নির্ধারণ বিষয়ে আলোচনা। | এ বিষয়ে প্রধান তথ্য কমিশনার বলেন যে, যেহেতু কমিশনে অল্প সংখ্যক শাখা রয়েছেতাই প্রশাসনিক সভার নামের পরিবর্তে সমন্বয় সভা নামকরণের প্রয়োজনীয়তা নাই। প্রশাসনিক সভার নামপূর্ববৎ থাকবে। তবে বিগত প্রশাসনিক সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনাএবং নতুন এজেন্ডা নির্ধারণ বিষয়ে আলোচনা করার জন্য সচিবের সভাপতিত্বে প্রতিমাসে ২/১ টি সভা আয়োজন করা যেতে পারে। এতে কাজের সমন্বয় ও বাস্তবায়ন তরান্বিত হবে। | ১। প্রশাসনিক সভার নাম পূর্ববৎ থাকবে।<br>২। প্রতিমাসে সচিবের সভাপতিত্বে ন্যূনতম ১টি সভার আয়োজন করতে হবে। | সচিব তথ্য কমিশন |
| ০৯। | বিবিধ | ১। সহকারী পরিচালক (হিসাব ও বাজেট) সভাকে অবহিত করেন যে, কর্মকর্তা ও কর্মচারিদের দায়িত্ব ও কর্তব্য (কার্যাবলি) তথ্য কমিশনের ওয়েব সাইটে আপলোড করা নেই। এ বিষয়ে জনাব নেপাল চন্দ্র সরকার উল্লেখ করেন যে, পূর্বে কর্মকর্তা ও কর্মচারিদের দায়িত্ব ও কর্তব্য (কার্যাবলি) কমিশনের ওয়েব সাইটে আপলোড করা ছিল বিধায় নতুন ওয়েব সাইটেও এ বিষয়টি আপলোড রাখতে হবে। | ১। কর্মকর্তা ও কর্মচারিদের হালনাগাদকৃত কার্যাবলী তথ্য কমিশনের ওয়েব সাইটে আপলোড করতে হবে।<br>২। সিটিজেনস চার্টার এবং কমিশনের কর্মকর্তা ও কর্মচারিদের দায়িত্ব ও কর্তব্য (Job Description) বিষয়ে করণীয় সম্পর্কে উপপরিচালক (গ.প্র.প্র.) কে সুপারিশ প্রণয়নের দায়িত্ব প্রদান করা হয়। | সহকারি (প্রোগ্রামার, তথ্য কমিশন<br>উপ পরিচালক (গ.প্র.প্র.), তথ্য কমিশন |
| | | ২। সভাকে জানানো হয় যে, ০৩টি জেলা (সুনামগঞ্জ, কক্সবাজার ও বরগুনা) ব্যতীত ৬১ জেলার সকল উপজেলায় তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে জনঅবহিতকরণ সভা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। চলতি অর্থবছরে প্রশিক্ষণপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য রিফ্রেসার্স কোর্স, নতুন নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ কোর্স, জেলা ও উপজেলা কমিটির সদস্যদের জন্য জনঅবহিতকরণ সভা ও প্রশিক্ষণ, জেলা ও উপজেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তাদের প্রশিক্ষণ কোর্স ও অনলাইন প্রশিক্ষণ কোর্স আয়োজনের জন্য একটি কর্মপরিকল্পনা প্রণয়ন ও কোর্স ডিজাইন করার জন্য প্রধান তথ্য কমিশনার গুরুত্বারোপ করেন। | জেলা ও বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্যদের জন্য রিফ্রেসার্স/প্রশিক্ষণ কোর্সএবং অনলাইন প্রশিক্ষণ কোর্স আয়োজনের বিষয়ে আগামী ০৭ দিনের মধ্যে সুপারিশমালা তথ্য কমিশনার-১ এর মাধ্যমে প্রণয়ন করে প্রধান তথ্য কমিশনারের নিকট পেশ করতে হবে। | পরিচালক (গ.প্র.প্র.), উপ পরিচালক (গ.প্র.প্র.), ও সহঃপরিচালক (প্রশিক্ষণ) তথ্য কমিশন |
| | | ৩। ভিডিও কনফারেন্স আয়োজনের বিষয়ে আগামী ০১ (এক) মাসের মধ্যে কর্মপরিকল্পনা প্রস্তুত করার জন্য প্রধান তথ্য কমিশনার অভিমত ব্যক্ত করেন। | আগামী ০১ (এক) মাসের মধ্যে ভিডিও কনফারেন্স বিষয়ে কর্মপরিকল্পনা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (গ.প্র.প্র.), উপ পরিচালক (গ.প্র.প্র.), ও সহঃপরিচালক (প্রশিক্ষণ) |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মরতুজা আহমদ)
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন

স্মারক নংঃ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৪(০২).১৩-৮৬৯

তারিখ ঃ ০৯/০৭/২০১৯

<u>অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১। সচিব, তথ্য মন্ত্রণালয়।
০২। সচিব, তথ্য কমিশন।
০৩। পরিচালক (সকল), তথ্য কমিশন।
০৪। প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন (প্রধান তথ্য কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। উপপরিচালক (সকল), তথ্য কমিশন।
০৬। তথ্য কমিশনারের একান্ত সচিব (সকল), তথ্য কমিশন (তথ্য কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
০৭। সহকারি পরিচালক (সকল), তথ্য কমিশন।
০৮। গবেষণা কর্মকর্তা, তথ্য কমিশন।
০৯। জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন।
১০। সহকারি প্রোগ্রামার, তথ্য কমিশন।
১১। অফিস কপি।

০৯/০৭/২০১৯
(মো:তৌফিকুল আলম)
সচিব
তথ্য কমিশন
ফোন ঃ ৯১১১৫৯০